যুগান্তর

1 6 APR 2017

### উচ্চ মাধ্যমিক স্তর

# শিক্ষার্থী ভর্তি করতে পারবে না ২শ’ কলেজ-মাদ্রাসা

**মুশতাক আহমদ**

এবার সারা দেশে ২০০টি কলেজ-মাদ্রাসা একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। এর মধ্যে ৭৯টি কলেজ ঢাকা শিক্ষা বোর্ডের। আজ-কালের মধ্যে ভর্তিতে নিষেধাজ্ঞা জারি করে এসব কলেজের নাম প্রকাশ করবে বোর্ডটি। অন্য বোর্ডগুলোও চিহ্নিত প্রতিষ্ঠানে এবার শিক্ষার্থী ভর্তি করতে দেবে না। এ লক্ষ্যে প্রত্যেক বোর্ডই ঢাকায় কেন্দ্রীয় ভর্তি কমিটির কাছে তালিকা পাঠিয়েছে। আগামী মাসের তৃতীয় সপ্তাহে একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে।

এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান শনিবার মোবাইলে যুগান্তরকে বলেন, ‘শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে আমরা দুই ধরনের প্রতিষ্ঠানে ভর্তি বন্ধ করে দিচ্ছি। এক, যেসব প্রতিষ্ঠান পাবলিক পরীক্ষায় একজনও পাস করাতে পারেনি। দুই, গত দু’বছর যেসব প্রতিষ্ঠানে একজন শিক্ষার্থীও ভর্তির আবেদন করেনি।’

**১৭৫টিতে দু’বছরে কেউ ভর্তির আবেদন করেনি এবং ২৫টিতে কেউ পাস করেনি**

সূত্র জানায়, উল্লিখিত প্রতিষ্ঠান বন্ধ করে দেয়ার ব্যাপারে গত নভেম্বরে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন বোর্ডে চিঠি পাঠানো হয়। পাশাপাশি ২৩ নভেম্বর আলাদা পরিপত্র জারি করা হয়। ১৯৪ কলেজে গত বছর একাদশ শ্রেণীতে কোনো শিক্ষার্থী ভর্তি হয়নি। আর ২৫টি কলেজ-মাদ্রাসা আছে যেগুলোতে গত বছর কোনো শিক্ষার্থী পাস করেনি। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে আছে ৯৮টি (৯৫টি ভর্তিশূন্য, ৩টি পাসশূন্য)। যশোর বোর্ডে ৫টি কলেজে শিক্ষার্থী ভর্তি হয়নি এবং ১টি কলেজে পাস করেনি। এভাবে ভর্তি না হওয়া ও পাস না করা প্রতিষ্ঠানের মধ্যে রাজশাহী বোর্ডে ৪২টি ও ৮টি, দিনাজপুর বোর্ডে ২৪টি ও ৮টি, মাদ্রাসা বোর্ডে ৫টি ও ১০টি। চট্টগ্রাম বোর্ডে ৪টি এবং সিলেট ও বরিশাল বোর্ডে ৭টি করে মোট ১৪টি কলেজে শিক্ষার্থী ভর্তি হয়নি।

সংশ্লিষ্টরা জানান, গত দুই বছর ধরে একাদশ শ্রেণীতে অনলাইনে ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কারণে কোনো প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি হচ্ছে বা হচ্ছে না, তা ধরা পড়ছে।

এ প্রসঙ্গে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউল হক যুগান্তরকে বলেন, ‘আমাদের বোর্ডের অধীন কলেজগুলোকে বিষয়টি জানিয়েছি। আর এসব প্রতিষ্ঠানে যাতে কেউ ভর্তি হতে না পারে, সেজন্য কেন্দ্রীয় সার্ভারে পাঠানো তালিকায় নাম রাখা হয়নি। তবে এ ব্যাপারে কোনো পাবলিক নোটিশ দিইনি।’ ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেন, মন্ত্রণালয় থেকে নির্দেশনা পাওয়ার পর আমরা ভর্তি না হওয়া ও পাস করাতে ব্যর্থ ৯৮টি কলেজকে আলাদা শোকজ করি। এর মধ্যে ১৯টি কলেজের জবাব সন্তোষজনক পাওয়া গেছে। বাকি ৭৯টি কলেজে ভর্তি নিষেধাজ্ঞা জারি করে আজ-কালের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে এগুলোর নাম প্রকাশ করা হবে। ঢাকা বোর্ডের শোকজ পাওয়া ৯৩টি কলেজের নাম জানা গেছে। এগুলোর মধ্যে রয়েছে— বালুঘাট হাইস্কুল অ্যান্ড কলেজ, নাখালপাড়া হোসেন আলী হাইস্কুল অ্যান্ড কলেজ, হার্ভার্ড ইন্টারন্যাশনাল কলেজ, আইডিয়াল ল্যাবরেটরি কলেজ, হাক্কানী মিশন মহাবিদ্যালয়, কলেজ ফর অ্যাডভান্সড স্টাডিজ, নিউরাল কলেজ, ধানমণ্ডি কলেজ, বাসাবো উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়, ঢাকা এসএবিএম কলেজ, নর্থসাউথ কলেজ, উত্তরা সাইন্স কলেজ, মেট্রোপলিটন মডেল কলেজ, লিডস কলেজ, চেতনা মডেল কলেজ, উইবট কলেজ, জাস্ট ইন্টারন্যাশনাল কলেজ, হ্যারিটেজ ইন্টারন্যাশনাল কলেজ, ইউরোপিয়ান কলেজ, ল্যান্ডমার্ক কলেজ, ইউনিভার্স কলেজ, লাইটহাউস কলেজ, আইকন কলেজ, ই. হক কলেজ, ইউনাইটেড গ্লোবাল কলেজ, সভরিন কলেজ, প্রিমিয়ার কলেজ, বিমস কলেজ প্রভৃতি।

স্বাক্ষর